# FEMA ও NYC HRA COVID-19 শেষকৃত্য সহায়তা: মৃত্যু সনদ সংগ্রহ প্রক্রিয়া

**আমি কিভাবে সরকারী জরুরী ব্যবস্থাপনা আইন (Federal Emergency Management Act, FEMA) COVID-19 অন্ত্যেষ্টিক্রিয়া সহায়তা বা NYC মানব সম্পদ প্রশাসন (Human Resource Administration, HRA) COVID-19 সমাহিতকরণ সহায়তা প্রকল্পসমূহের জন্য আবেদন করব?**

- FEMA COVID-19 অন্ত্যেষ্টিক্রিয়া সহায়তা প্রকল্পের জন্য আবেদন করতে, fema.gov/disasters/coronavirus/economic/funeral-assistance ভিজিট করুন।
- NYC HRA COVID-19 সমাহিতকরণ সহায়তা প্রকল্পের জন্য আবেদন করতে, www1.nyc.gov/site/hra/help/burial-assistance.page ভিজিট করুন।

**মৃত্যুর কারণ দেখানো আছে এমন একটি মৃত্যু সনদ পাওয়ার অনুরোধ করার অধিকার কারা রাখেন?**

মৃত্যুর কারণ ও মৃত্যু সনদ উভয়ই পাওয়ার জন্য কেবল নিম্নলিখিত আত্মীয়রা অনুরোধ করতে পারেন: স্বামী/স্ত্রী, গৃহসঙ্গী, পিতা/মাতা, সন্তান, ভাই/বোন, দাদা/দাদী, নানা/নানী, নাতি/নাতনি, সনদে উল্লেখিত অবগত ব্যক্তি, ও সৎকারের দায়িত্বে থাকা ব্যক্তি।

**NYC তে মারা গেছে এমন কারো জন্য মৃত্যুর কারণ দেখানো আছে এমন মৃত্যু সনদ আমি কিভাবে পাব?**

NYC এর পাঁচটি বরোতে (Bronx, Brooklyn, Manhattan, Queens ও Staten Island) যে সব মৃত্যুর ঘটনা ঘটে তার জন্য NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (NYC স্বাস্থ্য দপ্তর) মৃত্যু সনদ প্রদান করে এবং এটি চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক কোনো ব্যক্তির মৃত্যু রিপোর্ট করা হলে ও ঘটনাটি NYC স্বাস্থ্য দপ্তরের মাধ্যমে নিবন্ধিত হওয়ার পর পাওয়া যায়।

কোনো শেষকৃত্য প্রতিষ্ঠান যদি এতে সংশ্লিষ্ঠ থাকে, তাহলে মৃত্যু সনদ পাওয়ার সবচেয়ে দ্রুত উপায় হচ্ছে যে শেষকৃত্য পরিচালক শেষকৃত্যের আয়োজন করেছিলেন তার কাছ থেকে এটি চেয়ে নেওয়া। ব্যক্তির মৃত্যুর পর দুই বছর সময় পর্যন্ত শেষকৃত্য পরিচালক আপনার হয়ে মৃত্যু সনদ সংগ্রহ করে দিতে পারেন। তারা যেন মৃত্যুর কারণসহ রিপোর্টটি অর্ডার করে সে ব্যাপারে তাদের বলতে ভুলবেন না।

যদি কোনো শেষকৃত্য প্রতিষ্ঠান জড়িত না থাকে অথবা আপনি শেষকৃত্য পরিচালকের কাছ থেকে মৃত্যু সনদ সংগ্রহ করতে অপারগ হন, তাহলে আপনি অনলাইনে vitalchek.com থেকেও এটি অর্ডার করতে পারেন। মৃত্যু সনদ সংগ্রহ সম্পর্কে বাড়তি তথ্যের জন্য NYC স্বাস্থ্য দপ্তরের মৃত্যু সনদসম্পর্কিত ওয়েব পেজ দেখুন। আপনি যখন অর্ডার করার কারণ হিসাবে "FEMA Covid-19 Relief" (FEMA

COVID-19 ত্রাণ) নির্বাচন করবেন, তখন মৃত্যুর কারণ সংক্রান্ত রিপোর্টটি স্বয়ংক্রিয়ভাবে আপনার অর্ডারে অন্তর্ভুক্ত হয়ে যাবে।

**একটি মৃত্যু সনদের জন্য ফি কত?**
প্রতিটি সার্টিফাইড কপির খরচ $15। অনলাইনে মৃত্যু সনদ অর্ডার করা হলে বাড়তি খরচ যোগ হবে।

**আমি কি মৃত্যু রেকর্ডের একটি সার্টিফাইড কপি পাব?**
হ্যাঁ। NYC স্বাস্থ্য দপ্তর কর্তৃক মূল মৃত্যু সনদের একটি সার্টিফাইড কপি প্রদান করা হবে। একটি NYC এর সার্টিফাইড মৃত্যু সনদে কয়েকটি নিরাপত্তা বৈশিষ্ট্য থাকবে যাতে বোঝা যাবে যে সনদটি আসল। আপনি যদি মৃত্যুর কারণ সংগ্রহ করার অধিকার রাখেন (উপরে দেখুন), তাহলে আপনি "Confidential Medical Report" (গোপনীয় মেডিক্যাল রিপোর্ট) ও পাবেন যাতে মৃত্যুর কারণ বর্ণিত থাকবে। এই ডকুমেন্টে মৃত ব্যক্তির নাম ও মৃত্যু সনদের নম্বরও দেখানো থাকবে, এবং এটি বন্ড পেপারে প্রিন্ট করা হবে।

**মৃত্যু সনদে যদি মৃত্যুর কারণ দেখানো না থাকে তাহলে আমি কিভাবে মৃত্যুর কারণ জানার জন্য একটি অনুরোধ করতে পারি?**
দয়া করে মৃত্যু সনদ অর্ডার করার সময় মৃত্যুর কারণ জানার জন্যেও অনুরোধ করুন।

**মৃত্যুর কারণ জানার জন্য কি বাড়তি কোনো খরচ আছে?**
না। মৃত্যুর কারণ জানার জন্য বাড়তি কোনো খরচ নেই।

**মৃত্যুর কারণ যদি "pending" (মুলতবি) দেখানো থাকে তাহলে আমি কী করব?**
মৃত্যুর কারণ যদি "pending" (মুলতবি) দেখানো থাকে, তাহলে মূল মৃত্যু সনদ প্রদান করার তারিখের তিন মাসের মধ্যে আপনি মৃত্যু সনদটি বদলে নিতে পারবেন। সনদ প্রদান করার তারিখটি মৃত্যু সনদের একদম নিচে লেখা থাকে। আপনি চাইলে অনলাইনে মৃত্যুর কারণসহ একটি নতুন মৃত্যু সনদও অর্ডার করতে পারেন, যেটি আপনি মৃত্যু সনদ বদলে নেওয়ার চাইতে দ্রুত হাতে পাবেন।

**ব্যক্তিটি COVID-19 এ মারা যাওয়ার পরেও কেন সনদে দেখানো হয়েছে যে তিনি স্বাভাবিক কারণে মারা গেছেন?**
এপ্রিল 2020 এ, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের কেন্দ্র সিদ্ধান্ত নেয় যে COVID-19 সংক্রমণের ফলে মৃত্যু হলে, মৃত্যুর কারণ প্রায় সকল ক্ষেত্রেই স্বাভাবিক বলে ধরা হবে।

**মৃত্যুর কারণ হিসাবে যদি COVID-19 উল্লেখ না থাকে তাহলে আমি কী করব?**
আবেদনকারীদের মধ্যে যারা জানুয়ারি 20 থেকে মে 16, 2020 তারিখের মধ্যে COVID-19 সম্পর্কিত আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন তারা মৃত্যু সনদে উল্লেখিত কোনো কর্মকর্তা, করোনার বা মেডিক্যাল এক্সামিনারের পক্ষ থেকে মৃত্যুকে COVID-19 সংক্রান্ত বলে দেখানো হয়েছে এমন দলিল দাখিল করা সাপেক্ষে এমন একটি মৃত্যু সনদ দাখিল করতে পারবেন যেখানে মৃত্যুর কারণ হিসাবে COVID-19 উল্লেখ নেই। লিখিত বিবৃতিতে অবশ্যই স্বাভাবিক ঘটনাপ্রবাহ বা একটি ব্যাখ্যার উল্লেখ

থাকতে হবে, যা মৃত্যু সনদে মৃত্যুর কারণ হিসাবে ভাইরাসটিকে দায়ী করবে এবং এটি মৃত্যু সনদের সাথে দাখিল করতে হবে।

আবেদনকারীরা যদি প্রমাণ দেখাতে পারেন যে মৃত্যুটিকে COVID-19 সংক্রান্ত বলে চিহ্নিত করা উচিত তাহলে তারা মৃত্যু সনদ প্রদানকারী চিকিৎসক বা চিকিৎসা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করেও সনদ সংশোধনের আবেদন করতে পারেন। আপনি যদি মৃত্যু সনদে উল্লেখিত কোনো ব্যক্তি হন অথবা সৎকারের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি হন তাহলে আপনি মৃত্যুর কারণ বদলানোর জন্য NYC স্বাস্থ্য দপ্তরের কাছে একটি অনুরোধ দাখিল করতে পারেন। আপনাকে কোন জিনিসগুলো দাখিল করতে হবে সে সম্পর্কিত তথ্য এই ওয়েবপেজে, প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলীর "What is the process to correct a death certificate?" (একটি মৃত্যু সনদ সংশোধন করার উপায় কী?) নামক অধ্যায়ে আছে।

**পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।** 7.3.21